# দৈনন্দিন জীবনে ইসলাম [যাকাত অধ্যায়]

বিভাগ/অধ্যায়ঃ যাকাত পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

যাকাতের নির্দিষ্ট অংশের চেয়ে বেশী দান করার হুকুম

যাকাতের নির্দিষ্ট অংশের চেয়ে বেশী পরিমাণ দান করা জায়েয এবং এই অতিরিক্ত দানের জন্য অতিরিক্ত নেকী অর্জিত হবে। হাদীছে এসেছে,

عَنْ أُبَىِّ بْنِ كَعْبٍ قَالَ بَعَثَنِيْ النَّبِىُّ صلى الله عليه وسلم مُصَدِّقًا فَمَرَرْتُ بِرَجُلٍ فَلَمَّا جَمَعَ لِيْ مَالَهُ لَمْ أَجِدْ عَلَيْهِ فِيْهِ إِلاَّ ابْنَةَ مَخَاضٍ فَقُلْتُ لَهُ أَدِّ ابْنَةَ مَخَاضٍ فَإِنَّهَا صَدَقَتُكَ فَقَالَ ذَاكَ مَا لاَ لَبَنَ فِيْهِ وَلاَ ظَهْرَ وَلَكِنْ هَذِهِ نَاقَةٌ فَتِيَّةٌ عَظِيْمَةٌ سَمِيْنَةٌ فَخُذْهَا فَقُلْتُ لَهُ مَا أَنَا بِآخِذٍ مَا لَمْ أُوْمَرْ بِهِ وَهَذَا رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم مِنْكَ قَرِيْبٌ فَإِنْ أَحْبَبْتَ أَنْ تَأْتِيَهُ فَتَعْرِضَ عَلَيْهِ مَا عَرَضْتَ عَلَىَّ فَافْعَلْ فَإِنْ قَبِلَهُ مِنْكَ قَبِلْتُهُ وَإِنْ رَدَّهُ عَلَيْكَ رَدَدْتُهُ قَالَ فَإِنِّيْ فَاعِلٌ فَخَرَجَ مَعِيْ وَخَرَجَ بِالنَّاقَةِ الَّتِيْ عَرَضَ عَلَىَّ حَتَّى قَدِمْنَا عَلَى رَسُوْلِ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ لَهُ يَا نَبِىَّ اللهِ أَتَانِيْ رَسُوْلُكَ لِيَأْخُذَ مِنِّيْ صَدَقَةَ مَالِيْ وَايْمُ اللهِ مَا قَامَ فِيْ مَالِيْ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم وَلاَ رَسُوْلُهُ قَطُّ قَبْلَهُ فَجَمَعْتُ لَهُ مَالِي فَزَعَمَ أَنَّ مَا عَلَىَّ فِيْهِ ابْنَةُ مَخَاضٍ وَذَلِكَ مَا لاَ لَبَنَ فِيْهِ وَلاَ ظَهْرَ وَقَدْ عَرَضْتُ عَلَيْهِ نَاقَةً فَتِيَّةً عَظِيْمَةً لِيَأْخُذَهَا فَأَبَى عَلَىَّ وَهَا هِىَ ذِهِ قَدْ جِئْتُكَ بِهَا يَا رَسُوْلَ اللهِ خُذْهَا فَقَالَ لَهُ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم ذَاكَ الَّذِى عَلَيْكَ فَإِنْ تَطَوَّعْتَ بِخَيْرٍ آجَرَكَ اللهُ فِيْهِ وَقَبِلْنَاهُ مِنْكَ قَالَ فَهَا هِىَ ذِهِ يَا رَسُوْلَ اللهِ قَدْ جِئْتُكَ بِهَا فَخُذْهَا قَالَ فَأَمَرَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم بِقَبْضِهَا وَدَعَا لَهُ فِيْ مَالِهِ بِالْبَرَكَةِ-

উবাই ইবনু কা‘ব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নবী (ছাঃ) আমাকে যাকাত আদায় করার জন্য প্রেরণ করলেন। আমি এক ব্যক্তির নিকট পৌঁছলাম, সে আমার সামনে তার সম্পদ উপস্থিত করল। তার যে সম্পদ ছিল তাতে তার উপর একটি এক বছর বয়সের উট যাকাত ফরয ছিল। আমি বললাম, এক বছরের একটি উষ্ট্রি দিয়ে দাও। সে বলল, সে তো দুধও দিবে না এবং তার পিঠে আরহণ করাও যাবে না। কাজেই আমার এই যৌবনে পদার্পণকারী মোটা তাজা উষ্ট্রিটিই গ্রহণ করুন। তখন আমি বললাম, আমি রাসূলুল্লাহ (ছাঃ)-এর অনুমতি ছাড়া এটি গ্রহণ করতে পারব না। তবে রাসূল (ছাঃ) তোমার থেকে নিকটবর্তী কোন স্থানে অবস্থান করছেন। তুমি যদি চাও তাহলে তুমি তোমার যে উষ্টিটি আমার নিকট পেশ করছিলে তা রাসূল (ছাঃ)-এর নিকট পেশ করতে পার। যদি তিনি তা গ্রহণ করেন তাহলে আমিও তা গ্রহণ করব। আর যদি তিনি তা প্রত্যাখ্যান করেন তাহলে আমিও তা প্রত্যাখ্যান করব। সে বলল, আমি তা (রাসূল (ছাঃ)-এর নিকট) পেশ করব। অতঃপর যে উষ্ট্রিটি সে আমার নিকট পেশ করছিল সে উষ্ট্রিটি নিয়ে আমার সাথে রওনা দিল। এমকি আমরা রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকট পৌঁছে গেলাম। তখন সে বলল, হে আল্লাহর রাসূল (ছাঃ)! আপনার নিয়োজিত যাকাত আদায়কারী আমার কাছে যাকাত আদায়ের উদ্দেশ্যে এসেছিল। আর আল্লাহর শপথ! ইতিপূর্বে আপনার পক্ষ থেকে কেউ আমার নিকট যাকাত আদায়ের জন্য আসেনি। আমি তার সামনে আমার সম্পদ পেশ করলাম। তখন তিনি বললেন, আমার উপর একটি এক বছরের উষ্ট্রি যাকাত ফরয। অথচ সেটি দুধও দিবে না এবং তার পিঠে আরহণও করা যাবে না। আমি তার নিকট যৌবনে পদার্পণকারী মোটা তাজা উষ্ট্রি গ্রহণ করার জন্য পেশ করলাম। কিন্তু তিনি তা গ্রহণ করতে

অস্বীকৃতি জানালেন। আর এই হচ্ছে সেই উষ্ট্রি যা আমি আপনার নিকট নিয়ে এসেছি, আপনি তা গ্রহণ করুন। রাসূল (ছাঃ) বললেন, তোমার উপর ফরয ছিল তাই যা সে বলেছে। কিন্তু যদি তুমি নিজের খুশীতে ভাল কাজ করতে চাও তাহলে আল্লাহ তা‘আলা তোমাকে উত্তম প্রতিদান দিবেন। আর আমরাও তা গ্রহণ করব। সে বলল, এই হচ্ছে সেই উষ্ট্রি যা আপনার নিকট নিয়ে এসেছি। অতএব আপনি তা গ্রহণ করুন। অতঃপর রাসূল (ছাঃ) তা গ্রহণ করার নির্দেশ দিলেন এবং তার সম্পদের বরকতের জন্য দো‘আ করলেন।[1]

## ফুটনোট

[1]. আবুদাউদ হা/১৫৮৩; ছহীহ ইবনু খাযায়মাহ হা/২২৭৭; আলবানী, সনদ হাসান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3291

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন